

## মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৭৬ : কাফিরদের অনিষ্ট থেকে নিরাপদ থাকার জন্য তাদেরকে ধন-সম্পদ উপহার দেয়ার বিধান কী?

উত্তর : মুসলিম উম্মাহর কল্যাণার্থে হলে তাদের ক্ষতি/অনিষ্ঠ থেকে নিরাপদ থাকার জন্য উপহার দেয়া জায়েয। বরং যে সকল কাফির থেকে আশা করা যায় যে উপহার উপঢৌকন দিলে তার মুসলিমদের থেকে যুলম অত্যাচারের হাত গুটিয়ে নিবে তাদের অন্তর আকর্ষণ করার জন্য যাকাত তহবিল থেকে ধন-সম্পদ উপহার দেয়া যেতে পারে।

যদি কাফিরদের অন্তর আকর্ষণ করে অনিষ্ট থেকে বাঁচার জন্য ফর্য যাকাত দেয়া জায়েয হয় তাহলে তাদের নির্যাতন থেকে মুসলিম জাতিকে রক্ষা করার জন্য ধন-সম্পদ ব্যয় করা জায়েয হবে না কেন? অনেক মূর্খ এ কাজকে মুওয়াওলাত বা বন্ধুত্ব-অভিভাবকত্ব বলে অথচ এটা বাস্তবে মুওওয়ালাত নয়। বরং তাদের ক্ষতি- অনিষ্ট থেকে মুসলিম জাতিকে রক্ষার জন্য এটা দ্বারস্থ হওয়ার অন্তর্ভুক্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13150

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন